গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০১.০২৩.২০১৮-১৯-

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৫ / ১৪ মার্চ ২০১৯

প্রেরকঃ নূর-ই-খাজা আলামীন
উপসচিব(প্রশাসন)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সিএজি ভবন, কক্ষ নং- ৪১৭
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২৫ শে মার্চ ২০১৯ গণহত্যা দিবস পালন এর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য অগ্রীম মঞ্জুরী জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে ২৫ শে মার্চ ২০১৯ গণহত্যা দিবস পালনের নিমিত্ত জাতীয় কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য ঢাকা জেলা ব্যতীত ৬৪ জেলার প্রতিটি জেলা প্রশাসকের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা করে সর্বমোট ৩২,০০,০০০/- (বত্রিশ লক্ষ) টাকা অগ্রীম উত্তোলনে নির্দেশক্রমে সরকারি আর্থিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত অর্থ পৃথক পৃথক অথরিটির মাধ্যমে ৬৪টি জেলার, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।

০৩। শর্তাবলী:

(ক) উক্ত অর্থ ব্যয়ে পিপিআর, ২০০৮ (সংশোধনীসহ) এবং যাবতীয় আর্থিক বিধি বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) বর্তমান অগ্রিম উত্তোলিত অর্থসহ ইতোপূর্বে গৃহীত অগ্রিম সমন্বয়ের বিষয়ে সংশ্লিষ্ট সিএও, অফিসের প্রত্যয়ন দিতে হবে;

(গ) উত্তোলিত অগ্রিমের অর্থ আগামী ৩০ জুন ২০১৯ এর মধ্যে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হবে এবং অব্যয়িত অর্থ চালানের মাধ্যমে জমা দিয়ে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

(ঘ) প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে তার বরাদ্দের মধ্যে ব্যয় পরিকল্পনা গ্রহণ করে অর্থ ব্যয় সীমাবদ্ধ রাখতে হবে। পরবর্তীতে উক্ত অনুষ্ঠান উদযাপনের ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না।

০৪। এ বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১১-০৩-২০১৯ তারিখের ০৭.১০৮.০২৩.৬৩.০১.০০২.২০০৩ (অংশ-২) এর উদ্বৃতাংশমূলে সম্মতি রয়েছে।

(নূর-ই-খাজা আলামীন)
উপসচিব (প্রশাসন)
ফোন- ৯৫৭৮৬৪৮

অপর পৃষ্ঠার সদয় দ্রষ্টব্য

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০১.০২৩.২০১৮-১৯- ১১৬

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৫ / ১৪ মার্চ ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ই-মেইল সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ ও মন্ত্রনালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। জেলা প্রশাসক .....।

৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।

৫। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, পুরানা পল্টন, ঢাকা।

১৪.৩.১৯

(নূর-ই-খাজা আলামীন)
উপসচিব (প্রশাসন)
ফোন- ৯৫৭৮৬৪৮